যুগান্তর

তারিখ ... 30 MAY 2016 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

"শিক্ষা মন্ত্রণালয়ের নিষেধাজ্ঞা"

# বেসরকারি হাইস্কুলের সঙ্গে খোলা যাবে না প্রাইমারি স্কুল

**যুগান্তর রিপোর্ট**

বেসরকারি হাইস্কুলের সঙ্গে প্রাইমারি স্কুল খোলার ক্ষেত্রে নিষেধাজ্ঞা আরোপ করেছে শিক্ষা মন্ত্রণালয়। রোববার এ সংক্রান্ত আদেশ জারি করা হয়।

সহকারি সচিব অসীম কুমার কর্মকার স্বাক্ষরিত আদেশে বলা হয়, গত বছরের সেপ্টেম্বরে অনুষ্ঠিত বৈঠকের আলোকে একটি আদেশ ইতিপূর্বে জারি করা হয়েছিল। সেটি সংশোধন করা হয়েছে। এ আদেশে আরও বলা হয়েছে, যেসব বেসরকারি হাইস্কুলের সঙ্গে প্রাইমারি স্কুল সংযুক্ত আছে সেখানে এমপিওভুক্ত শূন্য পদে ১৯৮২ সালের জনবল কাঠামো অনুযায়ী বেসরকারি হাইস্কুলের সঙ্গে প্রাইমারি স্কুলে শিক্ষকদের এমপিওভুক্ত করা যাবে। তবে এসব বিদ্যালয়ে আর কোনো পদ সৃষ্টি করা যাবে না। এ ধরনের প্রাইমারি স্কুলের শিক্ষকদের বেতন-ভাতা অব্যাহত থাকবে।